# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৮২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - নাম রাখা

## আরবী

وَعَنْ
أَبِي وَهَبٍ الْجُشَمِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تَسَمُّوا أَسْمَاءَ الْأَنْبِيَاءِ وَأَحَبُّ الْأَسْمَاءِ إِلَى اللَّهِ عَبْدُ اللَّهِ وَعَبْدُ الرَّحْمَنِ وَأَصْدَقُهَا حَارِثٌ وهمامٌ أقبحها حربٌ ومُرَّةٌ» . رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

৪৭৮২-[৩৩] আবূ ওয়াহব আল জুশামী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা নবীদের নামে নিজেদের নাম রাখবে। আল্লাহ তা’আলার নিকট নামসমূহের মধ্যে সর্বোত্তম হলো ’আবদুল্লাহ এবং ’আবদুর রহমান। আর (অর্থ ও প্রকৃতির দিক দিয়ে) বেশি সত্য নাম হলো- ’’হারিস’’ (কর্ষণকারী) ও ’’হাম্মাম’’ (ইচ্ছা পোষণকারী) ও এবং সবচেয়ে মন্দ নাম হলো, ’’হারব’’ (লড়াই) ও ’’মুররাহ্’’ (তিক্ততা ও দুঃখ)। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] (تَسَمُّوا أَسْمَاءَ الْأَنْبِيَاءِ) এ অংশটুকু ব্যতীত হাদীসটি সহীহ : আবূ দাঊদ ৪৯৫০, সিলসিলাতুস্ সহীহাহ্ ৯০৪, ১০৪০; সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৯৭৭।

বিঃ দ্রঃ এ হাদীসটিকে আলবানী (রহিমাহুল্লাহ) প্রথমে য‘ঈফ বলেছিলেন, য‘ঈফুল জামি‘ ২৪৩৫, ইরওয়া ১১৭৪, আল কালিমুত্ব ত্বইয়িব ২১৭ নং। অতঃপর তিনি তার (য‘ঈফ) মতটি থেকে ফিরে এসে সহীহ বলে ঘোষণা দিয়েছেন, সিলসিলাতুস্ সহীহাহ্ ৯০৪, ১০৪০; আল কালিমুত্ব ত্বইয়িব ২১৮ নং, দারুল মা‘আরিফ ও তার ভূমিকায় ৫ নং পৃষ্ঠা দ্রঃ। দেখুন- তারাজু‘আতুল ‘আল্লামা আল আলবানী ফিত্ তাসহীহ ১/৬ পৃঃ, হাঃ ৪৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-গণের নামে নাম রাখার অনুমোদন দিয়েছেন এবং বলেছেন, সবচেয়ে উত্তম ও প্রিয় নাম আল্লাহর নিকট ‘আবদুল্লাহ ও ‘আবদুর রহমান এবং অধিক সত্য নাম হারিস ও হাম্মান, আর নিকৃষ্ট নাম হারব ও মুররাহ্।

নাসায়ীর এক বর্ণনায় রয়েছে, মুনযিরী বলেনঃ "وَكَانَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحِبُّ الْفَأْلَ الْحَسَنَ وَالِاسْمَ الْحَسَنَ" নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুন্দর (فأل) (ফাল)-কে সুন্দর ও উত্তম নামকে ভালোবাসেন। (মিরক্বাতুল মাফাতীহ)

শিক্ষা : রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নবীগণের নাম রাখার অনুমতি দিয়েছেন এবং বলেছেন, ‘আবদুল্লাহ ও ‘আবদুর রহমান অতি প্রিয় নাম। আর উত্তম ও সুন্দর নাম হলে ভালো এবং নিকৃষ্ট নাম অপছন্দ করেন। আর পরিবর্তন করেন এবং পরিবর্তন করতে অনুপ্রেরণা প্রদান করেন। [সম্পাদক]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ ওয়াহ্ব আল জুশামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75506

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন